**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 11/29/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো ভাইটাল ব্রুকলিনের (VITAL BROOKLYN) 100 শতাংশ সাশ্রয়ী আবাসনের প্রস্তাবনার অনুরোধ (REQUEST FOR PROPOSALS, RFP) বিজয়ীদের ঘোষণা করলেন, সেন্ট্রাল ব্রুকলিনে 4,000টি বাড়ি তৈরি করার জন্য 578 মিলিয়ন মার্কিন ডলার উদ্যোগের দ্বিতীয় RFP – টি প্রকাশ করলেন

***প্রথম দফার RFP এর চারটি বিজয়ী 2,700টিরও বেশি সাশ্রয়ী বাড়ি তৈরি করবে যেখানে বিকাশগত দিক থেকে অক্ষম, অন্যের অভিভাবকত্বে থাকা প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা ব্যক্তি, দীর্ঘকাল সময় ধরে গৃহহীন পরিবার এবং প্রবীণ অধিবাসীদের জন্য পৃথক অ্যাপার্টমেন্ট থাকছে***

***দ্বিতীয় RFP – টি এপ্রিলে প্রকাশিত প্রথম দফার RFPগুলির উপর এবং সেন্ট্রাল ব্রুকলিনে 4,000টি সাশ্রয়ী বাড়ি তৈরির জন্য সিনিয়র হাউজিং পরিকল্পনার উপর ভিত্তি করে গঠিত***

***গভর্নরের 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন (Vital Brooklyn) উদ্যোগ কে সমর্থন করে যা জরুরি উন্মুক্ত স্থান ও বিনোদন, স্বাস্থ্যসম্মত খাবার, শিক্ষা, অর্থনৈতিক ক্ষমতা প্রদান, হিংসা প্রতিরোধ, স্বাস্থ্যসেবা এবং কমিউনিটি-ভিত্তিক পরিকল্পনামূলক প্রয়াসের উপর নির্ভর করে দ্রুত সমস্যা কাটিয়ে ওঠার উদ্যোগকে এগিয়ে নিয়ে চলে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ চারটি বিজয়ী প্রস্তাবের ঘোষণা করলেন যা সম্মিলিতভাবে সেন্ট্রাল ব্রুকলিনে 2,700টিরও বেশি 100 শতাংশ সাশ্রয়ী বাড়ি তৈরি করবে যেখানে বিকাশগত দিক থেকে অক্ষম, অন্যের অভিভাবকত্বে থাকা প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা ব্যক্তি, দীর্ঘকাল সময় ধরে গৃহহীন পরিবার এবং প্রবীণ অধিবাসীদের জন্য পৃথক অ্যাপার্টমেন্ট এবং সহায়তামূলক পরিষেবা থাকছে। এই বিকাশ 4,000 ইউনিট সাশ্রয়ী আবাসন তৈরির জন্য ভাইটাল ব্রুকলিন উদ্যোগের 578 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গীকারকে এগিয়ে নিয়ে যাবে। স্টেটের দ্বারা নিয়ন্ত্রিত, ওয়ান ব্রুকলিন হেলথ (One Brooklyn Health) এবং ব্রুকলিন ফাউন্ডেশনের হেলথ সায়েন্স সেন্টার (Health Science Center at Brooklyn Foundation)– এর মালিকানাধীন জমির সাত অংশে বাড়ি তৈরির প্রস্তাবের আবেদনের পরিপ্রেক্ষিতে ভাইটাল ব্রুকলিন সাশ্রয়ী আবাসনের দ্বিতীয় দফাও গভর্নর প্রকাশ করেন।

"সেন্ট্রাল ব্রুকলিনে দীর্ঘস্থায়ী সামাজিক, অর্থনৈতিক এবং স্বাস্থ্যসংক্রান্ত বৈষম্যকে বিপরীতমুখী করার জন্য সাশ্রয়ী আবাসন পাবার অধিকার সম্প্রসারিত করা ভাইটাল ব্রুকলিন উদ্যোগের একটি গুরুত্বপূর্ণ উপাদান", **গভর্নর কুওমো বলেছেন।** "যাতে আমাদের প্রতিবেশীরা বসবাসের জন্য মানসম্পন্ন জায়গা পান তা নিশ্চিত

করতে, হাজার হাজার নতুন বাড়ির সংযোজনের মাধ্যমে আমরা সাহায্য করছি এবং সেন্ট্রাল ব্রুকলিনের জন্য উজ্জ্বল ভবিষ্যত গড়ে তুলতে আমাদের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি।"

"সব নিউ ইয়র্কবাসীর বসবাসের জন্য সাশ্রয়ী মানসম্পন্ন জায়গা থাকা নিশ্চিত করার জন্য স্টেট জুড়ে সাশ্রয়ী আবাসন প্রকল্পে আমরা বিনিয়োগ করছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ভাইটাল ব্রুকলিন উদ্যোগের একটি অংশ হিসাবে নতুন আবাসন, শিক্ষামূলক কর্মসূচি, স্বাস্থ্যসম্মত খাদ্যের বিকল্প, হিংসা প্রতিরোধ এবং আরো অনেক কিছু সমেত কমিউনিটির গুরুত্বপূর্ণ চাহিদাগুলির আমরা মোকাবিলা করছি। স্থানীয় অর্থনীতির বিকাশ অব্যাহত রাখতে এবং ব্রুকলিনের অধিবাসীদের জন্য সুযোগ-সুবিধা প্রদান করতে আমরা অঙ্গীকারবদ্ধ।"

আগস্ট মাসে গভর্নর অতিরিক্ত 1,000টি সাশ্রয়ী আবাসনের ঘোষণা করেন যা নিউ ইয়র্ক সিটি হাউজিং অথোরিটি (New York City Housing Authority, NYCHA) পরিকল্পনায় বসবাসকারী প্রবীণ ব্যক্তিদের উদ্দেশ্যে ছিল যেটি সেন্ট্রাল ব্রুকলিনে স্বল্প-ব্যবহৃত NYCHA সম্পত্তির উপরে তৈরি হবে এবং RFP গুলির উপর ভিত্তি করে তা 3,000টি সাশ্রয়ী বাড়ি তৈরির দিকে এগিয়ে যাবে। গভর্নর কুওমো আগস্ট মাসে সেন্ট্রাল ব্রুকলিন কমিউনিটিগুলিতে পুষ্টিকর খাদ্য পাবার অধিকার বৃদ্ধি এবং দীর্ঘস্থায়ী খাদ্যসংক্রান্ত নিরাপত্তাহীনতা ও স্বাস্থ্যসংক্রান্ত বৈষম্যের মোকাবিলার জন্যও নতুন ব্যবস্থা ঘোষণা করেছেন। স্থানীয় কমিউনিটির যাতে তাজা, স্থানীয় খাবার কেনার সামর্থ্য থাকে এবং সুস্থতর জীবনযাপনের জন্য যে সহায়তা তাঁদের প্রয়োজন তা যাতে থাকে, তা নিশ্চিত করতে নতুন চলন্ত বাজার, প্রবীণ ব্যক্তিদের জন্য খাদ্যসংক্রান্ত নিরাপত্তাহীনতার তদন্ত, তরুণদের দ্বারা চালিত কৃষি বাজার, কমিউনিটি বাগান এবং খাদ্য বন্টন কেন্দ্র সম্পর্কিত গবেষণার জন্য তিনি সেই ঘোষণাটিতে 1.825 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ যুক্ত করেছেন

গত জুলাই মাসে, গভর্নর কুওমো 2019 সালের বসন্ত কালের মধ্যে সম্পূর্ণ করার লক্ষ্যে আটটি কমিউনিটি বাগান পুনঃসংস্কার ও রূপান্তরের উদ্দেশ্যে এবং অন্য 14টিতে অত্যন্ত প্রয়োজনীয় পানির সরাসরি সংযোগ দিতে 3.1 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ ঘোষণা করেছেন। এই মাসে তিনি জ্যামাইকা উপসাগর (Jamaica Bay) বরাবর একটি নতুন 407-একর পার্কের ঘোষণাও করেছেন, যেটি প্রথম আফ্রিকান মার্কিন কংগ্রেসওম্যান এবং একজন ব্রুকলিনবাসী শিরলে চিজোমের নামে হবে। এর আগে, গভর্নর ভ্রাম্যমাণ স্বাস্থ্যসেবা (ambulatory care) স্থানগুলিকে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ঘোষণা করেন এবং এর 210 মিলিয়ন মার্কিন ডলারের, 32-টি স্থানের ভ্রাম্যমাণ স্বাস্থ্যসেবার নেটওয়ার্ক প্রতিষ্ঠান গঠনের জন্য ছয়টি ব্রুকলিন-ভিত্তিক ফেডারেল নিয়মানুযায়ী যোগ্য স্বাস্থ্য কেন্দ্রের সাথে অংশীদারি করেন।

আজ ঘোষিত সাশ্রয়ী আবাসনের RFP - এর প্রকাশের পূর্বে ছিল দীর্ঘস্থায়ী স্বাস্থ্যসেবা ব্যবস্থা তৈরির উদ্দেশ্যে তহবিলে গভর্নরের 664 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান যা সেন্ট্রাল ব্রুকলিন জুড়ে সেবা পাবার অধিকারকে প্রসারিত ও রূপান্তরিত করে। জানুয়ারি মাসে ঘোষিত এইসব উদ্দিষ্ট বিনিয়োগ – বর্তমান ফাঁকফোকর পূরণ করবে এবং স্থানীয় স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে শক্তিশালী করবে; মানসম্পন্ন পরিষেবা এবং সুরক্ষামূলক সেবা পাবার অধিকার বৃদ্ধি করার মাধ্যমে স্বাস্থ্যসেবা ব্যবস্থার রূপান্তর ঘটাবে; এবং একটি 32-টি স্থানের ভ্রাম্যমাণ স্বাস্থ্যসেবার নেটওয়ার্ক গঠন করবে যাতে বিদ্যমান কমিউনিটি-ভিত্তিক সরবরাহকারীদের সাথে অংশীদারীও থাকবে।

গভর্নর ভাইটাল ব্রুকলিন উদ্যোগটি 2017 সালের বসন্তকালে প্রকাশ করেন, যেখানে কমিউনিটি বিকাশ এবং সুস্থতা তৈরির জন্য একগুচ্ছ বিকল্প কমিউনিটির সহ একটি নতুন মডেল পেশ করা হয়েছে। এরপর গভর্নর

সেন্ট্রাল ব্রুকলিনের প্রতিটি অ্যাসেম্বলি সদস্যকে এই বিকল্পগুলি মূল্যায়ন করার জন্য এবং তাঁদের জেলার স্বতন্ত্র চাহিদা এবং সুযোগ বিবেচনা করার জন্য- কমিউনিটি নেতৃবৃন্দ, স্থানীয় বিশেষজ্ঞ, আইনজীবী এবং অন্যান্য স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত একটি কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিল (Community Advisory Council) আহ্বান করার ভার দেন। সেন্ট্রাল ব্রুকলিনের অংশ প্রতিনিধিত্বকারী স্টেট সিনেটরগণও প্রক্রিয়াটিতে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। কয়েক মাস ধরে, কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিলগুলি স্টেট এজেন্সিগুলির সাথে নিবিড় আলোচনার জন্য কমিউনিটিতে একত্রিত হয়েছিল যা কমিউনিটিগুলিকে স্টেটের প্রতিশ্রুতিবদ্ধ সম্পদ পরিকল্পনা এবং পরিচালনার ক্ষমতা প্রদান করে। উদ্যোগটি শুরু হওয়ার পর থেকে, মোট 25টি কমিউনিটি সভাগুলি প্রায় 100 জন গুরুত্বপূর্ণ কমিউনিটি স্টেকহোল্ডারদের একসাথে নিয়ে এসেছে। আজকের ঘোষণাগুলি এই শক্তিশালী কমিউনিটি ভিত্তিক পরিকল্পনামূলক প্রচেষ্টার মাধ্যমে উন্নত এবং জ্ঞাত হয়েছে।

স্থূলতা, টাইপ 2 ডায়াবেটিস এবং উচ্চ রক্তচাপের তাৎপর্যপূর্ণ উচ্চ হার, স্বাস্থ্যসম্মত খাদ্যের বা শারীরিক সক্রিয়তার জন্য সুযোগের সীমিত অধিকার, হিংসা এবং অপরাধের উচ্চ হার, বেকারত্বের কারণে ব্যাপক অর্থনৈতিক বৈষম্য, এবং দারিদ্র্যের উচ্চ মাত্রা, এবং উচ্চমানের স্বাস্থ্যসেবা এবং মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলিতে অপর্যাপ্ত অধিকার সমেত, সেন্ট্রাল ব্রুকলিন নিউ ইয়র্ক স্টেটের সবচেয়ে অ-সুরক্ষিত এলাকার অন্যতম।

## প্রথম সাশ্রয়ী আবাসন RFP গুলির বিজেতা

- ভাইটাল ব্রুকলিনের সাশ্রয়ী আবাসন উদ্যোগের অধীনে প্রাক্তন ব্রুকলিন ডেভেলপমেন্টাল সেন্টার কেনার এবং পুনর্গঠনের জন্য অ্যাপেক্স বিল্ডিং কোম্পানি (Apex Building Company), এল+এম ডেভেলপমেন্ট পার্টনারস (L+M Development Partners), রাইসবোরো কমিউনিটি পার্টনারশিপ (RiseBoro Community Partnership), এবং সার্ভিসেস ফর দ্য আন্ডারসার্ভড (Services for the Underserved, SUS) নির্বাচিত হয়েছে। এলাকার মধ্যক আয়ের (Area Median Income, AMI) 50 শতাংশ পর্যন্ত আয়কারী পরিবারের জন্য আবাসনের 45 শতাংশ উপলভ্য, যার মধ্যে পূর্বে গৃহহীন ব্যক্তি এবং পরিবারগুলির জন্য প্রায় 207টি ইউনিট থাকছে, বুদ্ধিমত্তা এবং বিকাশগত দিক থেকে অক্ষম ব্যক্তিদের জন্য প্রায় 185 ইউনিট, প্রবীণ ব্যক্তিদের জন্য প্রায় 156 টি ইউনিট এবং ইস্ট নিউ ইয়র্কে 1.2 বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ সমেত উন্নয়নটি 2,400 টিরও বেশি ইউনিট সাশ্রয়ী আবাসন প্রদান করবে। এলাকার মধ্যক আয়ের 80 শতাংশের উপরে আয়কারী পরিবারের জন্য কোনো ইউনিট উপলভ্য হবে না।

জ্যামাইকা বে ল্যান্ডিংয়ের নির্মাণ কাজগুলিতে স্থানীয় অধিবাসীদের নিয়োগের জন্য এই উন্নয়নে কর্মীদলের গঠন ও প্রসার অন্তর্ভুক্ত করা হবে, এবং সাতটি কমিউনিটি অংশীদার চাকরির প্রশিক্ষণ এবং উদ্যোক্তা কর্মসূচি প্রদান করবে। প্রকল্পটি 'ব্লু জোন্স' পরিকল্পনার উপর ভিত্ত, বিশ্বব্যাপী যেসব সম্প্রদায়গুলির দীর্ঘতম জীবনকাল আছে তাদের অনুকরণে রচিত হয়েছে এবং একটি খুচরা বিক্রয়ের প্রধান রাস্তা, সিভিক প্লাজা, বাগান করিডোর, আবাসিক অঙ্গন, সমুদ্র সৈকতে শরীরচর্চার একটি প্রাকৃতিক স্থান (maritime grove fitness loop) এবং উৎপাদনশীল অঞ্চলগুলি নিয়ে গঠিত 11.3 একরের জনসাধারণের জন্য উন্মুক্ত স্থান এর অন্তর্গত ।

- ভাইটাল ব্রুকলিনের সাশ্রয়ী আবাসন উদ্যোগের অংশ হিসাবে দীর্ঘকাল বিদ্যমান ব্রুকলিন অ-লাভজনক CAMBA "ইন্টারফেইথ ব্রডওয়ে গঠনের জন্য নির্বাচিত হয়েছে:সাইট C" বিভিন্ন আয়স্তরের জন্য সাশ্রয়ী 57 টি অ্যাপার্টমেন্ট তৈরি করবে এবং প্রবীণ ব্যক্তিদের ও দীর্ঘকাল গৃহহীন পরিবারের জন্য স্থানিক (অন-সাইট) পরিষেবাগুলি দেওয়ার মাধ্যমে, ওয়ান ব্রুকলিন হেলথের মালিকানাধীন ভিত্তিতে, CAMBA সাইট C কে রূপান্তরিত করবে।

24-ঘন্টা নিরাপত্তা, বাইসাইকেল স্টোরেজ, কমিউনিটি এবং ফিটনেস কক্ষ, এবং গ্রিন বিল্ডিং বৈশিষ্ট্যগুলি যা স্বাস্থ্যকর জীবনযাত্রাকে অগ্রসর করে এবং ছাদের সৌর প্যানেল, আচ্ছাদিত পার্কিং স্পেস ইত্যাদির দ্বারা শক্তি সাশ্রয় করে এবং আরো অনেক কিছু সমেত সাইট সি-এর উন্নয়ন বহুসংখ্যক সুবিধাকে তুলে ধরবে। একটি নিকটবর্তী ভবনে একটি কমিউনিটি ফ্যাসিলিটি অ্যানেক্স (Community Facility Annex) অধিবাসীদের একটি কর্মীদল বিকাশের প্রশিক্ষণ কেন্দ্র, স্বাস্থ্যসম্মত খাবারের জন্য কমিউনিটি সমর্থিত কৃষিজ (Community Supported Agriculture) বন্টন কেন্দ্র এবং প্রবীণ অধিবাসীদের জন্য নেইবারস টুগেদার (Neighbors Together) খাবার বিতরণের অধিকার প্রদান করবে।

এর অতিরিক্ত, CAMBA আর্থিক সাক্ষরতা, কাজের প্রস্তুতি, স্বাস্থ্যসম্মত জীবনযাপন, এবং মাদক সেবনের ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী স্থানিক (অন সাইট) পরিষেবা পরিকল্পনাগুলির বিকাশ ঘটাবে। রাত্রিবেলা চলচ্চিত্র প্রদর্শন, শিল্পকলা ও কারুশিল্পের যোগদানের সুযোগ অধিবাসীদের জন্য থাকবে পাশাপাশি LGBT প্রবীণদের জন্য পরিষেবার বন্দোবস্তও থাকবে।

- ভাইটাল ব্রুকলিনের সাশ্রয়ী আবাসন উদ্যোগের অধীনে চারটি সাইটের মধ্যে একটির উন্নয়নের জন্য ভাইটাল ব্রুকডেল লিমিটেড (Vital Brookdale, LLC), এমডিজি ডিজাইন + কনস্ট্রাকশন (MDG Design + Construction)- এর মধ্যে একটি যৌথ উদ্যোগ, স্মিথ ও হেনজি অ্যাডভাইজরি গ্রুপ (Smith & Henzy Advisory Group) এবং ফাউন্ডিং গ্রুপ (Foundling Group) নির্বাচিত হয়েছে। ভাইটাল ব্রুকডেল, LLC: "ব্রুকডেল হাসপাতাল সাইট বি কে" ওয়ান ব্রুকলিন হেলথের মালিকানাধীন জমিতে বিভিন্ন আয়স্তরের জন্য সাশ্রয়ী 152 টি অ্যাপার্টমেন্ট তৈরি করে এবং বিকাশগত দিক থেকে অক্ষম ব্যক্তিদের এবং অন্যের অভিভাবকত্বে থেকে প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা ব্যক্তিদের জন্য স্থানিক (অন-সাইট) পরিষেবাগুলি দেওয়ার মাধ্যমে রূপান্তরিত করবে।

সাইট বি একটি 40,000 বর্গ ফুটের বেশি জায়গা, যা ব্রুকডেল মেডিক্যাল সেন্টারের বিপরীতে এবং হেগম্যান এভিনিউতে চার-তলার এক সারি বাড়ি এবং একটি 20-তলা ভবনের সংলগ্নভাবে অবস্থিত। প্রকল্পটি 152 টি অ্যাপার্টমেন্টের একটি অংশে বসবাসকারী বিকাশগত দিক থেকে অক্ষম ব্যক্তিদের এবং অ্যাপার্টমেন্টের অপর অংশে বসবাসকারী অন্যের অভিভাবকত্বে থেকে প্রাপ্তবয়স্ক হয়ে ওঠা ব্যক্তিদের জন্য সহায়তামূলক পরিষেবার ব্যবস্থা করবে। পরিষেবাদিগুলিতে অন্যান্য সহায়তার মধ্যে খাবার পরিকল্পনা ও পুষ্টি, সামাজিকীকরণ সহযোগিতা এবং কম্পিউটার ব্যবহার প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

প্রকল্পটি, একটি কম্পিউটার রুম, একটি থিয়েটার, রান্নার ক্লাসের জন্য একটি রান্নাঘর, এবং বিনোদন ও কমিউনিটি রুমের উপর জোর দেবে। এটি বিভিন্ন বাণিজ্যিক ও কমিউনিটি ব্যবস্থাগুলি ব্যবহারের স্থান প্রদান করবে, যার মধ্যে কমিউনিটি সমর্থিত কৃষিজ সুবিধা এবং একটি গ্রিনহাউস, একটি ডে কেয়ার / প্রাক-কিন্ডারগার্টেন (প্রি-কে) ব্যবস্থা এবং / অথবা একটি শিক্ষা ও কাজের প্রশিক্ষণ কেন্দ্র থাকতে পারে। দোতলার বারান্দায় একটি সেন্ট্রাল প্লাজা, কমিউনিটি বাগান, বাইরের বসার এবং খেলার মাঠ থাকবে এবং ছাদ থেকে দৃশ্য দেখার জন্য সাত তলায় ছাদ থাকবে। ছাদের উপরে সম্পূর্ণ তল জুড়ে স্থানিকভাবে (অন সাইট) বিদ্যুৎ উৎপাদনের জন্য সৌর প্যানেল থাকবে যা পরিবেশগত উপকার করবে এবং খরচ বাঁচাবে।

- ভাইটাল ব্রুকলিনের সাশ্রয়ী আবাসন উদ্যোগের অধীনে চারটি সাইটের মধ্যে একটির উন্নয়নের জন্য ফেডারেশন অব অর্গানাইজেশন (Federation of Organizations) নির্বাচিত হয়েছে। এটি অলাভজনক, কমিউনিটি ভিত্তিক সামাজিক কল্যাণকারী সংস্থা,যা লং আইল্যান্ড এবং নিউ ইয়র্ক সিটিতে স্বাস্থ্য সংক্রান্ত, সহায়তামূলক এবং আবাসন পরিষেবা প্রদান করে, সেটি, ইন্টারফেইথ মেডিক্যাল সেন্টার (Interfaith Medical Center) থেকে রাস্তা বরাবর 21,000 স্কয়ার ফুটেরও বেশি স্থানে 119 টি সাশ্রয়ী বাড়ি তৈরি করবে যা "ইন্টারফেইথ হারকাইমার : সাইট A" নামে পরিচিত।

এই প্রকল্পটি প্রবীণদের জন্য আবাসন প্রদান করবে, যেখানে যাতে দুর্বল ও অতি বয়স্ক প্রবীণদের জন্য পৃথক ব্যবস্থা থাকবে যাঁরা স্থানিক (অনসাইট) সহায়তামূলক পরিষেবা পাবেন। খাদ্য সহযোগিতা কর্মসূচির জন্য নিচের তলার স্থান ব্যবহার করা হবে। সামাজিক কর্মী, কেস ম্যানেজার এবং নার্সও স্থানিকভাবে (অন সাইট) কাজ করবেন। দ্বিতীয় তলায় একটি ছাদে বসার ব্যবস্থা থাকবে এবং শরীরচর্চার ক্লাসের সুযোগ দেবে এবং সাত তলায় অন্য একটি ছাদে শহরের খামারের উপর জোর দেবে। ভবনটি প্যাসিভ হাউজ স্ট্যান্ডার্ডে নির্মিত হবে এবং এতে সোলার শেড এবং গ্রিন রুফ থাকবে।

**দ্বিতীয় সাশ্রয়ী আবাসন RFP**

কমিউনিটি অ্যাডভাইজরি কাউন্সিলের সাথে পরামর্শ ও সমন্বয়ে, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) সেন্ট্রাল ব্রুকলিন সাশ্রয়ী আবাসন উদ্যোগের দ্বিতীয় দফায় সাতটি অতিরিক্ত ভাইটাল ব্রুকলিন সাইটগুলির জন্য, সাশ্রয়ী আবাসনের 4,000 টি ইউনিট তৈরির লক্ষ্যে উদ্যোগের 578 মিলিয়ন মার্কিন ডলারকে সম্মুখে রেখে একটি প্রস্তাবের আবেদন জারী করছে।

আজ ঘোষিত RFP এর আওতাভুক্ত আবাসন ইউনিটগুলি ব্রুকলিন ফাউন্ডেশনের হেলথ সায়েন্স সেন্টার (Health Science Center at Brooklyn Foundation) দ্বারা অনুমোদিত এবং - ওয়ান ব্রুকলিন হেলথের জমিতে ছয়টি এবং সানি ডাউনস্টেট মেডিকেল সেন্টার (SUNY Downstate Medical Center)- এর মালিকানাধীন) জমিতে অপরটি সমেত স্টেট এবং হাসপাতাল নিয়ন্ত্রিত স্থানে গঠিত হবে। অনেকগুলি স্থান একটি নতুন ভ্রাম্যমাণ স্বাস্থ্যসেবা কেন্দ্রের ব্যবস্থা করবে, যেগুলি পূর্বের বর্ণিত স্টেটের দ্বারা 664 মিলিয়ন মার্কিন ডলারের স্বাস্থ্যসেবা রূপান্তর বিনিয়োগের মাধ্যমে উন্নত হয়ে ওঠা 32 টির মধ্যে পড়ছে।

HCR বলছে যে প্রস্তাবগুলি অন্যান্য উপাদানগুলিকে অন্তর্ভুক্ত করবে যা আশপাশের কমিউনিটির সুবিধা করবে যার অন্তর্গত রিটেল এবং/অথবা কমিউনিটি ব্যবস্থা, গ্রিন বিল্ডিং রীতি, এবং জনসাধারণের স্বাস্থ্য ও সুস্থতা ভিত্তিক সুবিধা যেমন খোলা স্থান এবং রাস্তার দৃশ্যগুলি সহ এলাকার পুনরুজ্জীবিত করতে সহায়তা করবে।

সাইট E, F, G, H, এবং I - এর জন্য প্রস্তাবগুলির সময়সীমা 28 ফেব্রুয়ারি, 2019 সালের মধ্যে এবং সাইটগুলি J, K, এবং L এর - এর জন্য প্রস্তাবগুলির সময়সীমা 30 এপ্রিল 2019 সালের মধ্যে।

**লারে ব্রাউন, সিইও এবং প্রেসিডেন্ট, ইন্টারফেইথ মেডিকেল সেন্টার ইনকর্পোরেশন, বলেছেন,** "সাশ্রয়ী এবং সুলভ আবাসন এবং স্বাস্থ্য অন্তর্নিহিতভাবে সংযুক্ত। ভাইটাল ব্রুকলিন উদ্যোগের অংশ হিসেবে আবাসন বিকাশের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানগুলির সাথে ওয়ান ব্রুকলিন হেলথ সিস্টেম ইনকর্পোরেশন ঘনিষ্ঠভাবে কাজ করার অপেক্ষায় রয়েছে।"

**কংগ্রেসওম্যান ইয়েভেটি ডি. ক্লার্ক বলেছেন,** "আমাদের বাসিন্দাদের জন্য আরও ভালো ব্রুকলিন তৈরির করতে এই সাশ্রয়ী মূল্যের হাউজিং RFP গুলি আমাদের অন্যতম তাৎপর্যপূর্ণ মাইলফলক। প্রতিটি নিউ ইয়র্কবাসী নিরাপদ, মানসম্মত আবাসন পাওয়ার যোগ্য, এবং এই RFP বিজয়ীরা বহু প্রয়োজনীয় আবাসন সরবরাহ করবে যা সেন্ট্রাল ব্রুকলিনের অরক্ষিত জনগোষ্ঠীকে সাহায্য করবে। এটি সম্ভব করে তুলতে সাহায্য করার জন্য আমি গভর্নর কুওমো এবং আমাদের স্টেট এবং স্থানীয় নেতাদের ধন্যবাদ জানাই।"

**সিনেটর রোক্সান পারসোড বলেছেন,** "গভর্নর কুওমোর ভাইটাল ব্রুকলিন উদ্যোগ আমাদের বারোতে অভিনব পরিবর্তন এনেছে। আজকের ঘোষণার সাথে সাথে হাজার হাজার ব্রুকলিন বাসিন্দার জন্য নিরাপদ, আরামদায়ক বাড়ি পাওয়া নিশ্চিত করা হবে। আমাদের কমিউনিটি জুড়ে ক্রমাগত সমর্থনের জন্য গভর্নরকে ধন্যবাদ জানাই।"

**সিনেটর মার্টিন মালাভে ডিলান বলেছেন,** "গভর্নর কুওমো তাঁর প্রশাসনের প্রথম দিন থেকে আমাদের মধ্যে সবচেয়ে অরক্ষিতদের জন্য লড়াই করছেন, এবং আজকের ঘোষণাটি ভিন্ন নয়। ব্রুকলিনে যাঁদের প্রয়োজন তাঁদের জন্য উপযুক্ত আবাসস্থল সুযোগ প্রদান আমাদের কমিউনিটিগুলির জন্য অর্থনৈতিক পাশা পরিবর্তনকারী হবে। আমাদের স্টেটকে আরও সুন্দর করে তোলার লড়াই করার জন্য গভর্নর কুওমো, আপনার নেতৃত্ব এবং অঙ্গীকারের জন্য আপনাকে ধন্যবাদ।"

**অ্যাসেম্বলি সদস্য ওয়াল্টার টি. মোজলি বলেছেন,** "গভর্নর কুওমোর ভাইটাল ব্রুকলিন উদ্যোগের মাধ্যমে, আমরা ব্রুকলিনের মানুষদের নিরাপদ, সাশ্রয়ী মূল্যের বাসস্থানের সমান প্রবেশাধিকার নিশ্চিত করার দিকে প্রগতি অব্যাহত রাখছি। আমাদের কমিউনিটি গুণমানবিশিষ্ট সাশ্রয়ী মূল্যের আবাসন বিকল্পগুলি পাওয়ার যোগ্য যা যাঁদের দরকার সেই অনেক বাসিন্দাদের জীবনে প্রকৃত পার্থক্য তৈরি করতে পারে। আমি প্রশাসন এবং আমার সহকর্মীদের সুস্থ, সমৃদ্ধ ব্রুকলিন তৈরির করার দায়িত্ব গ্রহণের জন্য প্রশংসা করি।"

**অ্যাসেম্বলি সদস্য ট্রিমেন রাইট বলেছেন,** "প্রত্যেক নিউ ইয়র্ক বাসিন্দা, বিশেষ করে বয়োবৃদ্ধরা একটি নিরাপদ, সাশ্রয়ী ও স্বাস্থ্যকর পরিবেশ পাওয়ার যোগ্য। গভর্নর কুওমোর ভাইটাল ব্রুকলিন উদ্যোগ ব্রুকলিন জুড়ে কমিউনিটির বৃদ্ধি এবং সমৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে এবং এই নতুন সাশ্রয়ী মূল্যের প্রবীণ অ্যাপার্টমেন্টগুলি আমাদের অধিবাসীদের বাড়ি নামক নিরাপদ জায়গাটি নিশ্চিত করবে। আমি গভর্নর কুওমোকে কমিউনিটি-ভিত্তিক অর্থনৈতিক উন্নয়নের জন্য এবং ব্রুকলিনের প্রতি তাঁর অবিরাম কর্তব্যের জন্য প্রশংসা করি।"

**অ্যাসেম্বলি সদস্য ল্যাট্রিস ওয়াকার বলেছেন,** "যাঁরা তাঁদের বেড়ে ওঠার পাড়ায় বসবাস করতে চান তাঁদের জন্য সেন্ট্রাল ব্রুকলিনের অসাধারণ রূপান্তরে অংশ নেওয়ায় গভর্নর কুওমোর অংশীদার হওয়ার জন্য

আমি গর্বিত। খেলার মাঠ এবং ভ্রাম্যমাণ স্বাস্থ্য সেবা (অ্যামবুলেটরি কেয়ার- এর জন্য সবুজ ঘাসের মাঠ এবং আবাসনের মধ্যে ভাইটাল ব্রুকলিন উদ্যোগ এটির বাসিন্দাদের চাহিদা পূরণ করছে এবং জীবন মানের উন্নতি করতে সাহায্য করছে। যাঁরা কঠিন সময়ের মধ্যে দিয়ে যাচ্ছেন তাঁদের নিজেদের পায়ে দাঁড়াতে এবং যে কমিউনিটিকে তাঁরা জানেন এবং ভালোবাসেন সেখানে প্রতিষ্ঠিত করতে সাহায্য করে এই আবাসন ইউনিট ব্রুকলিন জন্য আরেকটি জয় এনে দিয়েছে।"

**অ্যাসেম্বলি সদস্য ডায়ানা রিচার্ডসন বলেছেন,** "ভাইটাল ব্রুকলিন উদ্যোগের পক্ষে শক্তিশালী সমর্থক হিসাবে, আমি বিশ্বাস করি যে নিউ ইয়র্কের প্রত্যেক বাসিন্দা তাদের কমিউনিটিতে উপযুক্ত আবাসস্থল পাওয়ার যোগ্য। ব্রুকলিনের সরবরাহ ক্ষমতাকে বজায় রাখার জন্য সহায়কমূলক আবাসন গুরুত্বপূর্ণ। ভাইটাল ব্রুকলিন উদ্যোগ ব্রুকলিন বাসিন্দা যাদের এটি সর্বাধিক প্রয়োজন তাদের জন্য আবাসন প্রদান করে। গভর্নর কুওমোর অংশীদার হওয়ার জন্য আমি গর্বিত, এবং আমি কেন্দ্রীয় ব্রুকলিন কমিউনিটির জন্য তাঁর চলতে থাকা সমর্থনকে প্রশংসা করি।"

**অ্যাসেম্বলি সদস্য এন. নিক পেরি বলেছেন,** "সাশ্রয়ী মূল্যের বাসস্থান প্রসঙ্গ যখন আসে তখন অনেক নিউ ইয়র্ক বাসিন্দাদের সেটি প্রয়োজন হয়, কিন্তু ভাইটাল ব্রুকলিন উদ্যোগকে ধন্যবাদ এবং এই সাশ্রয়ী মূল্যের আবাসন RFP সমূহে আমরা নিরাপদ, সাশ্রয়ী মূল্যের বাড়ি প্রদান করছি যা ইতিবাচক সুস্থ জীবনযাপন অনুভবকে প্রতিপালন করতে সহায়ক। গভর্নর কুওমোর অক্লান্ত ও অনুপ্রেরণামূলক প্রচেষ্টাকে ধন্যবাদ, ব্রুকলিনের বৃদ্ধি এবং সমৃদ্ধি অব্যাহত থাকবে।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য আলিকা আম্প্রি-স্যামুয়েল বলেছেন,** "গৃহহীনতা কেন্দ্রীয় ব্রুকলিন কমিউনিটির ওপর দীর্ঘ সময় ধরে ক্ষতিকারক প্রভাব সৃষ্টি করেছে। আমাদের সব থেকে অরক্ষিত বাসিন্দাদের আবাসস্থল সুযোগ প্রদান করার মাধ্যমে আমাদের স্টেট থেকে গৃহহীনতাকে চিরকালের জন্য সমূলে উৎপাটন করার দিকে এক ধাপ এগিয়ে গেছি। নিউ ইয়র্কের সকলের বাড়ি নামক নিরাপদ জায়গাটি আছে তা নিশ্চিত করার জন্য কর্মে নিবেদিত থাকার জন্য আমি গভর্নর কুওমোর প্রশংসা করি।"

**নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের সদস্য রবার্ট কর্নেগি জুনিয়র বলেছেন,** "আমাদের বরোতে অভূতপূর্ব পরিবর্তন আনতে ভাইটাল ব্রুকলিন উদ্যোগ অব্যাহত রয়েছে, এবং সবার পক্ষে আরও ভালো ব্রুকলিন গড়ে তুলতে এই সহায়কমূলক আবাসন ইউনিটগুলি আরেকটি পদক্ষেপ। এই আবাসন সমাধানগুলির প্রভাব এই কমিউনিটির হাজার হাজার পরিবারের জীবনকে প্রভাবিত করবে, তাদের জীবনের মান উন্নত করবে এবং তাদের নিজেদের পায়ে দাঁড়ানোর জন্য তাদেরকে সহায়তা করবে। বারো জুড়ে ব্রুকলিনাইটদের কাছে বৃহত্তর সুযোগ আনার জন্য গভর্নর কুওমোকে আমি ধন্যবাদ জানাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন